



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd



বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২০-২১ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের (২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের) উপবৃত্তি এবং টিউশন ফি বিতরণ কার্যক্রমের চূড়ান্ত প্রতিবেদন (Compliance Report) বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
তারিখ ও সময় : ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখ; সকাল ১০.০০ টা।
স্থান : ব্যবস্থাপনা পরিচালক=এঁর অফিস কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
উপস্থিতি : “ক” দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি একে একে সভায় উপস্থিত সকলকে ২০২০-২১ অর্থবছরের স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের (২০১৬-১৭, ২০১৭-১৮ ও ২০১৮-১৯ শিক্ষাবর্ষের) উপবৃত্তি এবং টিউশন ফি বিতরণ কার্যক্রমের চূড়ান্ত প্রতিবেদন (Compliance Report) বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

২.০ সহকারী পরিচালক (উপবৃত্তি) সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরে ১ম ও ২য় পর্যায়ে ১,৮২,১০৩ জন শিক্ষার্থীর বিপরীতে উপবৃত্তি বাবদ ৮৯,২৩,০৪,৭০০ টাকা এবং ১,০৯,২৭৯ জন শিক্ষার্থীর বিপরীতে টিউশন ফি বাবদ ৭,৪৩,৭৯,৬০০ টাকা ছাড় করা হলে ১০ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত ১,৭২,৮৪৫ জন শিক্ষার্থীর বিপরীতে উপবৃত্তি বাবদ ৮৪,৬৯,৪০,৪৮০ টাকা এবং ৮৭,২৩০ জন শিক্ষার্থীর বিপরীতে টিউশন ফি বাবদ ৬,২৮,০৬,২৪০ বিতরণ সম্ভব হয়। উপবৃত্তি বিতরণ সংশ্লিষ্ট মোবাইল অপারেটর ও অনলাইন ব্যাংকিং সংশ্লিষ্ট ব্যাংকের তথ্যানুযায়ী শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট/মোবাইল ব্যাংকিং একাউন্ট সঠিক না থাকায় ৯২৫৮ জন শিক্ষার্থীর মাঝে উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ সম্ভব হয়নি। পরবর্তীতে অনলাইন ব্যাংক হিসাব নম্বর ও মোবাইল এ্যাকাউন্ট নম্বর সংশোধনের জন্য পত্র প্রেরণ করা হলে ৪৬০০ জন শিক্ষার্থীর তথ্যাদি সংশোধন করা হয় মর্মে জানানো হয়। করোনা মহামারির কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের বিষয়টি বিবেচনা করে এ্যাকাউন্ট নম্বর সংশোধনকারী ৪৬০০ জন শিক্ষার্থীসহ ১ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে তথ্য সংশোধনকারী অবশিষ্ট শিক্ষার্থীদের (যাদের তথ্য পাওয়া যাবে) বিপরীতে ১৫ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত উপবৃত্তি ও টিউশন ফি বিতরণের বিষয়ে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.০ সিদ্ধান্ত

- ৩.১ করোনা পরিস্থিতি (covid-19)র কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের বিষয়টি বিবেচনা করে প্রয়োজনীয় ক্ষেত্রে শিক্ষার্থীর হিসাব নম্বর সংশোধনের জন্য ১ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সময় নির্ধারণ করা হয়;
- ৩.২ এ্যাকাউন্ট নম্বর সংশোধনকারী ৪৬০০ জন শিক্ষার্থীসহ ১ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে তথ্য সংশোধনকারী অবশিষ্ট শিক্ষার্থীদের (যাদের তথ্য পাওয়া যাবে) বিপরীতে ১৫ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ; এবং
- ৩.৩ ২০২০-২১ অর্থবছরের উপবৃত্তি এবং টিউশন ফি বিতরণ কার্যক্রমের চূড়ান্ত প্রতিবেদন (Compliance Report) আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত করে তা ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিলের সিদ্ধান্ত হয়।
- ৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাসরীন আফরোজ)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৫৫০০০৪২৩

email: md@pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০৩.০২৮.০০১.২১-২৯

তারিখ: ০৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ কার্যার্থে-

১. পরিচালক (যুগ্মসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
২. উপপরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৩. সহকারী পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৪. প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
৫. অফিস কপি।